

অনির্বাণ সিডনী সফল আয়োজন “সামিনা, তপু, সুমি ও মাসুমের সঙ্গীত সন্ধ্যা”

গত ১০ই জুলাই, ২০১০ শনিবার, দর্শক উপচেপড়া হাস্টভিল মারানা অডিটোরিয়ামে সঙ্গীত পরিবেশন করেন বাংলাদেশের সঙ্গীতজ্ঞদের অন্যতম শীর্ষ শিল্পী সামিনা চৌধুরী, তারুণ্যের প্রিয় মুখ খার্ড পারসন সিঙ্গুলার নাম্বার খ্যাত অভিনেতা এবং সঙ্গীত শিল্পী তপু এবং ব্যাণ্ড লালনের সাহসী কণ্ঠ সুমি। অনুষ্ঠানের সঙ্গীতায়োজনে ছিলেন বাংলাদেশ থেকে আগত বিখ্যাত কি-বোর্ডিস্ট মাসুম।



সঙ্গীত সন্ধ্যার শুরুতে এক মিনিট নিরবতা পালন করে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ও ভাষা আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধা ও একাত্মতা প্রদর্শন করা হয়। সামিনা চৌধুরীর জনপ্রিয় গান ‘বর্ণমালা’র সাথে নৃত্যের মধ্যে দিয়ে শুরু হয় মূল সঙ্গীত সন্ধ্যা। নৃত্যায়োজনটি উপস্থাপন করেন সিডনীর দুই জনপ্রিয় মুখ ত্রপা ও রাহি। এরপর মঞ্চে আসেন সুমি। বাংলাদেশের জনপ্রিয় লালন সঙ্গীতকে ভিন্নমাত্রায়, আধুনিক সঙ্গীতায়োজনে উপস্থাপন করে দর্শকদের মুগ্ধ করেন তিনি। সুমি একে একে গেয়েছেন - ‘মুছে গেছে সব’, ‘আমি অপার হয়ে’, ‘চাতক তাল তমাল’, ‘কৃষ্ণ প্রেমে’ সহ আরও অনেক গান। এরপর মঞ্চে আসেন তপু। তিনি গাইলেন সত্যবাদী আমি, মেয়ে, একটা গোপন কথা, মন ভাল নেই, নুপুর সহ আরও অনেক গান। উপস্থাপনের এক পর্যায়ে দর্শকদের আসন থেকে একজন কিশোরীকে মঞ্চে নিয়ে এসে তাকে উদ্দেশ্য করে স্বভাব কবিদের মত উপস্থিত গান রচনা করে এবং গেয়ে দর্শক-শ্রোতাদের মন জয় করেন তিনি। তার নুপুর গানটির সাথে নৃত্য পরিবেশন করেন আজিজ ও বিনুক।

বিরতীর পর মঞ্চে আসেন আয়োজনের মূল আকর্ষণ সামিনা চৌধুরী। তিনি গাইলেন তুমি যে আমার কবিতা, সুরের ভুবনে, দুই চোখে, সময় যেন, ফুল ফোটে, আমার মাঝে সহ আরও অনেক শ্রোতা নন্দিত গান। দর্শক শ্রোতার মুগ্ধ হয়ে উপভোগ করেছেন তার গান।

অনুষ্ঠানের শেষ দিকে দর্শকদের জন্য ছিল আকর্ষণীয় র্যাফেল ড্র। প্রথম পুরস্কার ছিল একটি মনিটর, দ্বিতীয় পুরস্কার দু'জনের সিডনী টাওয়ার এ্যাকুরিয়াম ট্যুর, তৃতীয় পুরস্কার ৩৬০° রেস্টুরেন্টে দু'জনের লাঞ্চ ভাউচার এবং চতুর্থ পুরস্কার ৫০ ডলার মূল্যের কলিং কার্ড। র্যাফেল ড্র এর পুরস্কারগুলো Tes Security, Straithfield Parthars, AFK International এবং Dhaka Mini Market এর সৌজন্যে প্রদান করা হয়। র্যাফেল ড্রটি পরিচালনা করেন মুনা ও মিথিলা।

সবশেষে সামিনা চৌধুরী, তপু, সুমি, মাসুম, যন্ত্রশিল্পীরা, অনির্বাণ আয়োজক গণ এবং উপস্থিত দর্শকবৃন্দ একসঙ্গে গাইলেন ‘ও আমার দেশের মাটি তোমার পণ্ডে ঠেকাই মাথা’। দর্শক শ্রোতা ঘরে ফিরলেন হৃদয়ে তৃপ্তি ও মাতৃভূমির ভালবাসাকে ধারণ করে। অনুষ্ঠানটি সফলভাবে উপস্থাপনা করেছেন সায়েবা মুনা।

অনুষ্ঠান শেষে অনির্বাণ সিডনির কর্ণধার জনাব ইফতেখার সুজন যারা নানা ভাবে এই সফল অনুষ্ঠান আয়োজনে সহযোগিতা করেছেন তাদের সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তার দীর্ঘ তালিকায় ছিল - Bright World Travel, HBD Services, Rawsan Travels, Banoful Restaurants, Dakhina City, Spice Of Life Restaurant, Fianancial Accord সহ সিডনির সকল গ্রোসারী শপ, বাংলা বার্তা, দেশ বিদেশ, সুপ্রভাত সিডনী, প্রবাসে বাংলাদেশ সহ সকল জনপ্রিয় অন-লাইন ম্যাগাজি, জনাব সাহাদৎ এবং তাঁর পরিবার, রথিন্দ্রনাথ ঢালী, অভিজিৎ বড়ুয়া, পিয়াসা বড়ুয়া, রাজ, Tyron, Nicolas, লাকী, সানজার, মিরন, মিথিলা, আরিফ, নাজিব, আলমগীর, শিউলী, মাসুম, সুমি, পলাশ, নুসরাত, মিঠু, দিলু, এবং সিডনীস্থ সকল সামাজিক ও রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ।

আগামী ডিসেম্বর মাসে বাংলাদেশ শীর্ষক একটি অনুষ্ঠান উপহার দেবার কথা ঘোষণা করে অনির্বাণ সিডনী।

অনির্বাণ সিডনির প্রেস রিলিজ থেকে